

প্যারিসে নজরুল জন্ম জয়ন্তী পালিত



নজরুল গীতি গাইছেন শাহাদাত হোসেন রনি ও তবলায় রয়েছেন অনুভব চ্যাটার্জী

গত রবিবার প্যারিসে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১১ তম জন্ম জয়ন্তী পালিত হয়। নগরীর প্লাস দোলা ফেত এলাকার ক্যাফে ইন্ডিয়ান রেষ্টুরেন্টে অনুষ্ঠিত অনুষ্ঠানটি প্রবাসী নজরুল ভক্তরা বেশ উপভোগ করেন। অনুষ্ঠানে নজরুলগীতি ও কাজী নজরুল ইসলামের কবিতা আবৃত্তি করা হয়। অনুষ্ঠানের শুরুতেই বক্তৃতা করেন ফ্রান্স প্রবাসী নজরুল সংগ্রাহক জনাব খোরশেদ আলম পাটোয়ারী। তিনি তার বক্তৃতায় কাজী নজরুল ইসলামের লেখায় মানবতার দিক গুলোর উপর আলোকপাত করেন। কাজী নজরুল ইসলামকে তিনি মানবতার কবি আখ্যায়িত করেন। সংগীত পরিবেশন করেন জনাব আবুল কালাম আজাদ, শাহাদাত হোসেন রনি, খোন্দকার আতাউর রহমান বেনু, সাগর বড়ুয়া। আবৃত্তিতে অংশ নেন, চৌধুরী রেজাউল হায়দার, আব্দুল হালিম, জুবাইদা ইয়াসমিন খান, মোহিত, নাজনীন খোন্দকার মুন্নী, খান বাবু রাসেল ও কিশোর বিশ্বাস। তবলায় ছিলেন অনুভব চ্যাটার্জী। অনুষ্ঠানটির উপস্থাপনায় ছিলেন জনাব মুনির কাদের আর সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন হাসনাত জাহান। মাত্র দুজন ব্যক্তি, হাসনাত জাহান ও মুনির কাদেরের ব্যবস্থাপনায় আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম জয়ন্তী অনুষ্ঠানটি ছিল একটি সার্থক আয়োজন। দীর্ঘদিন পর প্রবাসীরা আমাদের জাতীয় কবির গান ও কবিতাগুলো স্মৃতিচারনের সুযোগ পেলেন। অনুষ্ঠানের সমাপ্তি লগ্নে ধন্যবাদ জ্ঞাপন করা হয় ক্যাফে রেস্টোরার স্বত্বাধিকারী মিজানুর রহমান মিজান ও দ্বীন মোহাম্মদকে যারা অনুষ্ঠানটি আয়োজনে সহায়তা করেছেন।

নিউজ,
ওয়াসিম খান পলাশ

প্যারিস,
editor.aktibangladesh@hotmail.fr





